গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪১.০১৪.০০.০০.০০১.২০১৪-৩৯ তারিখঃ ০৬.০২.২০১৭ খ্রিঃ

**সভার নোটিশ**

আগামী ০৯.০২.২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভা কক্ষে (ভবন নং-৩, কক্ষ নং-৩৩২, বাংলাদেশ সচিবালয়) জেলা প্রশাসক সম্মেলন-২০১৫ এবং জেলা প্রশাসক সম্মেলন-২০১৬ এর সিদ্ধান্তসমূহের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে জেলা প্রশাসক সম্মেলন-২০১৫ এবং জেলা প্রশাসক সম্মেলন-২০১৬ -তে গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল। একই সাথে অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ পুনরায় সংযুক্ত করা হ'ল।

সংযুক্ত: পাতা।

06.02.2017

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।
৩. যুগ্মসচিব (পার/পরিবার কল্যাণ/নির্মাণ/মেরামত ও রক্ষণাবেক্ষন/হাসপাতাল-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৫. উপসচিব (হাসপাতাল-২/ প্রশাসন-১/পার-৩, ৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব (হাসপাতাল-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. অতিরিক্ত সচিব (পরিবার কল্যাণ ও কার্যক্রম/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/হাসপাতাল/উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা/প্রশাসন) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নিরাপত্তা-২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত সংশ্লিষ্ট কর্মকর্তাদের সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধ করা হল)।
৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভা সমন্বয়কারী কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (তাকে ২০ (বিশ) জন কর্মকর্তার আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়: জেলা প্রশাসক সম্মেলন ২০১৫ এর অবাস্তবায়িত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

(খ) মধ্যমেয়াদি

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| ০১ | গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় ঢাকা শিশু হাসপাতালের শাখা স্থাপনের কাজ ত্বরান্বিত করতে হবে। | | |

(গ) দীর্ঘমেয়াদি

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| ০১ | চাঁদপুর সরকারি হাসপাতালে আইসিইউ নির্মাণের লক্ষ্যে দ্রুত জমির ব্যবস্থা করতে হবে। | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০৫.২০১৬-৮১৫

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৩
০১ সেপ্টেম্বর ২০১৬

বিষয়: জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-এর সিদ্ধান্ত বাস্তবায়ন।

জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-তে আলোচনার জন্য জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারগণের নিকট হতে প্রাপ্ত বিভিন্ন সম্ভাবনা/সমস্যা ও সুপারিশমালার বিষয়ে ইতঃপূর্বে তাঁর কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ থেকে মতামত পাওয়া গেছে। উক্ত মতামত সন্নিবেশিত করে জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-এর কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। অধিকন্তু, সম্মেলনের অধিবেশনগুলিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী ও সিনিয়র সচিব/সচিবের উপস্থিতিতে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ আরও কিছু প্রস্তাব/মতামত বা সুপারিশ উপস্থাপন করেন। সম্মেলনের কার্যপত্র এবং সম্মেলনে উত্থাপিত প্রস্তাব/মতামত বা সুপারিশের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্তসমূহ প্রতিফলিত করে জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-এর কার্যবিবরণী প্রস্তুত করা হয়েছে। কাজের সুবিধার্থে তাঁর কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ-সংশ্লিষ্ট কার্যবিবরণীর সংশ্লিষ্ট অংশ এইসঙ্গে প্রেরণ করা হল।

০২। কার্যবিবরণীর তাঁর কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ-সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন সমন্বয় শাখা, মন্ত্রিপরিষদ বিভাগে (ই-মেইল নম্বর: faco_sec@cabinet.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হল।

০৩। উল্লেখ্য, জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন মন্ত্রিপরিষদ বিভাগের অন্যতম প্রধান কর্মকৃতি নির্দেশক (কে,পি,আই)। জেলা প্রশাসক সম্মেলন ২০১৫-তে গৃহীত মোট ৪৭৮ টি সিদ্ধান্তে মধ্যে ৪৪৮ টি সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়িত/নিষ্পন্ন হয়েছে। তাঁর কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ-সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করায় মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো ... জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে অনুরূপ কার্যক্রম গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০২ পৃষ্ঠা।

(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব (জেমাপ্র)
ফোন: ৯৫৭৩৮৩৩

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/বিভাগ
৩। জেলা প্রশাসক, ........................ (সকল)

অনুলিপি:

১। বিভাগীয় কমিশনার, ..................... (সকল)-বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করার অনুরোধসহ।
২। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব
---------------------------------------------------------------।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ডাইরী নং.........তারিখ.........
যুগ্ম সচিব (প্রশাসন)
যুগ্ম সচিব (পাপ্র)
উপ-প্রধান (যুগ্ম সচিব) HRM
উপ সচিব.........
সিঃ সঃ সচিব.........
সহকারী সচিব.........
ব্যক্তিগত কর্মকর্তা.........
অন্যান্য.........

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়াবলি

(ক) স্বল্পমেয়াদি

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | পটুয়াখালী ২৫০-শয্যাবিশিষ্ট হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ ও জনবল নিয়োগ করে করনারি কেয়ার ইউনিটটি চালু করার উদ্যোগ নিতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০২. | প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহপূর্বক চট্টগ্রাম মেডিকেল কলেজের ক্যাজুয়ালটি ওয়ার্ডের অপারেশন থিয়েটার চালু করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৩. | পর্যায়ক্রমে উপজেলা পর্যায়ের হাসপাতালসমূহে একজন করে গাইনি ও হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৪. | নওগাঁ, লালমনিরহাট ও জয়পুরহাট সদর হাসপাতালে প্রয়োজনীয় জনবল পদায়ন করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৫. | জামালপুর জেনারেল হাসপাতালের জন্য অ্যাম্বুলেন্স ও দু'টি এক্স-রে মেশিন সরবরাহ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৬. | নবগঠিত ওসমানীনগর উপজেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ হওয়া না পর্যন্ত ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার পদায়ন করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

(খ) মধ্যমেয়াদি

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | ১০০-শয্যাবিশিষ্ট পিরোজপুর সদর হাসপাতালকে ২৫০-শয্যায় উন্নীত করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০২. | লক্ষ্মীপুর জেলা সদর হাসপাতালে ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতালের জনবলের পদ সৃষ্টি ও নিয়োগ/পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৩. | পরীক্ষা-নিরীক্ষাক্রমে নারায়ণগঞ্জ জেলা সদরে অবস্থিত ৩০০-শয্যা বিশিষ্ট হাসপাতালকে একটি পূর্ণাঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে রূপান্তরিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৪. | ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে আইসিইউ পরিচালনার জন্য প্রয়োজনীয় পদ সৃজন করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৫. | মৌলভীবাজার জেলার ২৫০-শয্যাবিশিষ্ট হাসপাতালের পুরাতন ভবন সংস্কার করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

৭৫

।) দীর্ঘমেয়াদি

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | পরীক্ষা-নিরীক্ষাক্রমে সড়ক দুর্ঘটনাজনিত রোগীদের দ্রুত চিকিৎসা সেবা দেওয়ার জন্য ফরিদপুর জেলার ভাঙ্গা এবং নারায়ণগঞ্জ জেলার জালকুড়িতে ট্রমা সেন্টার নির্মাণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০২. | পর্যায়ক্রমে প্রত্যেক জেলা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টেকনিশিয়ান ও পরিচ্ছন্ন কর্মী নিয়োগ এবং পর্যাপ্ত যন্ত্রপাতি সরবরাহ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৩. | পরীক্ষা-নিরীক্ষাক্রমে কুষ্টিয়ার সিভিল সার্জনের কার্যালয়ের জন্য একটি নতুন ভবন নির্মাণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৪. | পর্যায়ক্রমে জেলা পর্যায়ের সকল হাসপাতালে বার্ণ ইউনিট, আইসিইউ ও আরটিএ ইউনিট স্থাপন এবং দক্ষ চিকিৎসক নিয়োগ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৫. | আক্কেলপুর উপজেলায় ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ প্রদান করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৬. | পরীক্ষা-নিরীক্ষাক্রমে পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলার ১০০-শয্যা বিশিষ্ট হাসপাতালকে ২৫০- শয্যায় উন্নীত করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ০৭. | মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সুনামগঞ্জ-কে ২০-শয্যায় উন্নীতকরণসহ বহুতল ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |